

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
এনজিও বিষয়ক ব্যুরো
প্রধানমন্ত্রীর কার্যালয়
প্লট-ই-১৩/বি, আগারগাঁও,
শেরে বাংলা নগর, ঢাকা
www.ngoab.gov.bd

স্মারক নং-০৩.০৭.২৬৬৬.৬৬১.৬৮.০৪৬.১৭-

৬০৮

তারিখ : ১৫/০৭/২০১৯ খ্রিঃ


বিষয় : কক্সবাজার জেলার স্থানীয় অধিবাসীদের জন্য এফডি-৭ এর মোট অনুদানের ২৫% বরাদ্দ রাখা সংক্রান্ত।

সূত্র : জেলা প্রশাসক, কক্সবাজার কার্যালয়ের স্মারক নং-০৫.২০.২২০০.২৭.১০.১৯৫.২০১৯-৫০০, তারিখ-২৮/০৫/২০১৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রোল্লিখিত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বলপ্রয়োগে বাস্তুচ্যুত মায়ানমার নাগরিকদের ব্যাপকহারে বাংলাদেশে আগমনের ফলে কক্সবাজার জেলার স্থানীয় অধিবাসীরা বিভিন্নভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। যে সকল এনজিওসমূহ পূর্বে স্থানীয় অধিবাসীদের জন্য কাজ করত ; সে সকল এনজিওসমূহ বর্তমানে মায়ানমার নাগরিকদের অস্থায়ী ক্যাম্পে কাজ করছে। এতে স্থানীয় অধিবাসীরা আরো ক্ষতিগ্রস্ত হচ্ছে।

২। বলপ্রয়োগে বাস্তুচ্যুত মায়ানমার নাগরিকগণ ব্যাপকহারে বাংলাদেশে আগমনের ফলে তাদের আশ্রয়স্থল নির্মাণ করার জন্য পাহাড় কর্তনসহ রোহিঙ্গাদের জালানী হিসেবে ব্যাপক হারে গাছ কাটার ফলে বনাঞ্চল উজাড় হচ্ছে। ফসলী জমির ব্যাপক ক্ষতি সাধিত হচ্ছে এবং বিভিন্ন রোগের প্রাদুর্ভাব দেখা দিচ্ছে। এ ছাড়াও বিপদগামী মায়ানমার নাগরিকদের দ্বারা আইন শৃংখলা পরিস্থিতির অবনতি ঘটছে। বিভিন্নভাবে কক্সবাজার জেলার স্থানীয় জনগোষ্ঠী ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হওয়ায় রোহিঙ্গা নাগরিকদের সাথে স্থানীয় জনগোষ্ঠীর ক্ষতি কাটিয়ে উঠতে তাদেরও সহায়তা আবশ্যিক।

৩। এমতাবস্থায় এখন থেকে যে সকল এনজিও কক্সবাজার জেলায় 'বলপ্রয়োগে বাস্তুচ্যুত মায়ানমার নাগরিকদের' সহায়তার লক্ষ্যে প্রকল্প প্রস্তাব দাখিল করবে, তাদেরকে মোট অনুদানের ২৫%-৩০% অনুদান স্থানীয় অধিবাসীদের জন্য বরাদ্দ রেখে এবং জেলা প্রশাসক, কক্সবাজার এর নির্দেশনা মোতাবেক বাস্তবায়নের জন্য পৃথকভাবে প্রকল্প প্রস্তাব (এফডি-৭) দাখিল করার জন্য অনুরোধ করা হলো।


(মোঃ শাহাদাৎ হোসাইন)
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)
এনজিও বিষয়ক ব্যুরো।

প্রাপক :

নির্বাহী পরিচালক /কান্ট্রি ডিরেক্টর (সংশ্লিষ্ট সকল)

.....
.....
.....

স্মারক নং-০৩.০৭.২৬৬৬.৬৬১.৬৮.০৪৬.১৭-

তারিখ : ১৫/০৭/২০১৯ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁ, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম।
- ৩। শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার, শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনারের কার্যালয়, কক্সবাজার।
- ৪। জেলা প্রশাসক, কক্সবাজার।
- ৫। প্রোগ্রামার, এনজিও বিষয়ক ব্যুরো (তাঁকে পত্রটি ব্যুরোর ওয়েবসাইটে প্রকাশসহ অনলাইনে সংস্থা প্রধানদের নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।

মহাপরিচালক (ভারপ্রাপ্ত)
এনজিও বিষয়ক ব্যুরো।